

সিনিয়র মিশন নেতৃত্বের কোর্স

সিনিয়র মিশন লিডার্স কোর্স (এসএমএলসি)-এর আয়োজন করেছে রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষা বিভাগ (ডিপিকেও), ভারত সরকারের সহযোগিতায়, নয়াদিল্লিতে রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষা সেন্টারে (সিইউএনপিকে) ২০-৩১ মার্চ, ২০১৭। ১৮টি দেশের ২৫ জন অংশগ্রহণকারীদের সঙ্গে প্রশিক্ষণে রাষ্ট্রসঙ্ঘের ২১ জন আধিকারিক, সিনিয়র প্রশিক্ষক, কর্মী, উপস্থাপকরা কোর্সে উপস্থিত থাকবেন।

মানেকশ সেন্টারে এসএমএলসি-র উদ্বোধনী অনুষ্ঠানে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখবেন শ্রীমতি প্রীতি সরণ, সচিব (পূর্ব), পররাষ্ট্র মন্ত্রক এবং অনুষ্ঠানে যোগ দেবেন লেফট্যান্যান্ট জেনারেল জে. এস চিমা, ডেপুটি চিফ আর্মি স্টাফ (আইএস অ্যান্ড টি) এবং জনাব জ্যাক ক্রিস্টোফিডস, অধিকর্তা, পুলিশ বিভাগ, মূল্যায়ণ ও প্রশিক্ষণ (ডিপিইটি), রাষ্ট্রসঙ্ঘ।

ভারত সাম্প্রতিক সময় রাষ্ট্রসঙ্ঘ শান্তিরক্ষায় সক্ষমতা বৃদ্ধির প্রচেষ্টা দৃঢ় করতে তার অঙ্গীকারের কথা অব্যাহত রেখেছে। দু'লাখের বেশি ভারতীয় সেনা, সামরিক পর্যবেক্ষক, এবং রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষাবাহিনীর ৬৯ জনের মধ্যে ৪৮ জন পুলিশ কর্মকর্তা, এবং ১৯৪৮ সাল থেকে পর্যবেক্ষকরা অংশগ্রহণ করেন।

বার্ষিক এসএমএল কোর্স আয়োজন করার উদ্দেশ্য— সিনিয়র নেতৃত্বের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয় পরিকল্পনা এবং রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষা পরিকল্পনাকে সাহায্য করা। শান্তি ও নিরাপত্তা এবং রাষ্ট্রসঙ্ঘে এ বিষয়ে চ্যালেঞ্জ মোকাবিলা করার জন্য অংশগ্রহণকারীদের বাক্যালাপের উদ্দেশ্যে একটি ফোরামের ব্যবস্থা করা হয়। এই কোর্সে অংশগ্রহণকারীরা উচ্চপদস্থ সামরিক বাহিনী, পুলিশ ও অসামরিক কর্মকর্তা এবং যাঁরা ভবিষ্যতে রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষা কার্যকলাপে উর্ধ্বতন নেতৃত্বের পদ পেতে পারেন বলে অনুমান।

২০০০ সাল থেকে শুরু হয়ে, নয়াদিল্লিতে রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষা সেন্টারে একগুচ্ছ আন্তর্জাতিক-জাতীয় কোর্স, সেমিনার, শান্তিরক্ষার প্রশিক্ষণ এবং এর কর্মকান্ড ও নেটওয়ার্ক প্রসারণের কাজ অব্যাহত।

নয়াদিল্লি

মার্চ ১৬, ২০১৭